মোনাখালী ফুটবল টুর্নামেন্টের ৫ম ম্যাচ অনুষ্ঠিত

আজ মঙ্গলবার বিকেলে মোনাখালী ফুটবল টুর্নামেন্টের পঞ্চম ম্যাচ অনুষ্ঠিত হয়েছে সুবিদপুর ফুটবল একাদশ ও বাঁশবাড়িয়া ফুটবল একাদশের মধ্যে।

সুবিদপুর একাদশ দুর্দান্ত খেলা উপহারের দেয় । ৩-০ গোলে বিধ্বস্ত করে বাঁশবাড়িয়া একাদশ কে।

খেলাটি পরিচালনা করেন সোহেল আহমেদ। তাকে সহযোগিতা করেন কায়েস এবং শরিফুল ইসলাম।

টুর্নামেন্টের ষষ্ঠ ম্যাচটি আগামীকাল বুধবার বিকেলে অনুষ্ঠিত হবে চন্দ্রবাস ফুটবল একাদশ ও কেশবপুর ইয়াং স্টার ক্লাবের মধ্যে।

মুজিবনগরে মোনাখালী ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মুজিবনগরে মোনাখালী ফুটবল টুর্নামেন্ট-২০২৩ এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকেলে শহীদ ওলিউল বারী আনসার ক্লাব ও মোনাখালী গ্রামবাসির আয়োজনে, মোনাখালী ফুটবল খেলার মাঠে উদ্বোধনী অনুষ্ঠানে মোনাখালি ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল খালেকের সঞ্চালনায়, মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমানের সভাপতিত্বে, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেস বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল, উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ

সম্পাদক আবুল কালাম আজাদ,বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজিব, সাধারণ সম্পাদক শাহিনুর রহমান মানিক, মোনাখালী ইউনিয়ন পরিষদের এক নম্বর ওয়ার্ড সদস্য হাবিবুর রহমান হাবিবসহ টুর্নামেন্ট আয়োজক কমিটির সদস্যবৃন্দ।

মোনাখালী ফুটবল টুর্নামেন্ট -২০২৩ নকআউট শুক্রবার টুর্নামেন্টে ৩২ টি দল অংশগ্রহণ করছে। টুর্নামেন্টের বিজয়ী দলকে পুরস্কার হিসেবে ১ লক্ষ টাকা এবং রানার আপ দলকে পুরস্কার হিসেবে ৬০ হাজার টাকা প্রদান করা হবে।

উদ্বোধনী খেলায় একদিকে অংশগ্রহণ করে যতারপুর ফ্রেন্ডস ক্লাব এবং রাজনগর একাদশ বৃষ্টি বিঘ্নিত উদ্বোধনী খেলায় যাতারপুর ফ্রেন্ডস ক্লাব ২-০ গোলে রাজনগর একাদশকে পরাজিত করে।